গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, শাখা-১

# পরিপত্র

নং- অম/অবি/বা-১/নীতি(০২)/২০০৬/৫১২

তারিখ ঃ ২২/০৫/২০০৭ খ্রিঃ
০৮/০২/১৪১৪ বঃ

**বিষয় ঃ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের রাজস্ব বাজেটের আওতায় বরাদ্দকৃত নিরীক্ষা/সমীক্ষা ফি ব্যবহারের দিক নির্দেশনা।**

প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ বাজেট বাস্তবায়নকালে সরকারী ব্যয়ের মিতব্যয়িতা (Economy), দক্ষতা (Efficiency) ও কার্যকারিতা (Effectiveness) নিশ্চিত করার জন্য একটি স্বতন্ত্র সত্ত্বা হিসেবে নিরবচ্ছিন্ন পরিবীক্ষণ ও মূল্যায়ন পরিচালনা করা আবশ্যক। বাজেট বাস্তবায়নে উৎকর্ষ আনয়নের ক্ষেত্রে এরূপ ব্যবস্থা আন্তর্জাতিকভাবে স্বীকৃত।

০২। মধ্যমেয়াদি বাজেট কাঠামো ব্যবস্থা (Medium Term Budget Framework) প্রবর্তনের ফলে পরিকল্পনা প্রণয়ন, ব্যয়ের অগ্রাধিকার নির্ধারণ ও বাজেট বাস্তবায়নে মন্ত্রণালয়/বিভাগসমূহের ভূমিকা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। এতে মন্ত্রণালয়/বিভাগসমূহের বাজেট বাস্তবায়নে সর্বোচ্চ গুণগত মান নিশ্চিত করার জন্য সচিব ও মুখ্য হিসাব রক্ষণ কর্মকর্তার সরাসরি নিয়ন্ত্রণে স্বাধীনভাবে পরিবীক্ষণ ও মূল্যায়ন কার্যক্রম পরিচালনার মাধ্যমে একটি বিশ্বস্ত ও নির্ভরযোগ্য নিজস্ব রিপোর্টিং ব্যবস্থার প্রয়োজনীয়তা অতীতের তুলনায় বর্তমানে অধিকতর অনুভূত হচ্ছে।

০৩। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক বাজেটের (রাজস্ব ও উন্নয়ন) আওতায় গৃহীত উন্নয়ন প্রকল্প ও কর্মসূচিসহ মন্ত্রণালয়/বিভাগসমূহকে প্রদত্ত সকল বাজেট বরাদ্দের সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণ, প্রকল্প/কর্মসূচির ফলপ্রসুতা যাচাই, অভীষ্ট লক্ষ্য অর্জনে সফলতা বিচার, উপযুক্ত সুপারিশ সম্বলিত প্রতিবেদন প্রণয়ন ও প্রয়োজনীয় সংশোধনমূলক কার্যক্রম গ্রহণ ইত্যাদি উদ্দেশ্য বিবেচনায় নিয়ে নিরীক্ষা/সমীক্ষা কার্যক্রম পরিচালনা করার জন্য ২০০৩-০৪ অর্থ বছর হতে মন্ত্রণালয়/বিভাগসমূহকে 'নিরীক্ষা/সমীক্ষা ফি' খাতে বাজেট বরাদ্দ প্রদান করা হচ্ছে।

০৪। বিগত অর্থবছরসমূহে দেখা গেছে, বিভিন্ন মন্ত্রণালয় নিরীক্ষা/সমীক্ষা ফী খাতে প্রদত্ত বরাদ্দ ব্যয় করতে পারেনি অথবা বাজেট বরাদ্দের সঠিক উদ্দেশ্য অনুধাবন করতে না পেরে এর সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করতে পারেনি। এক্ষণে মন্ত্রণালয়/বিভাগসমূহ যাতে উক্ত ফি-এর সুষ্ঠু ও কার্যকর ব্যবহার নিশ্চিত করতে পারে, সে লক্ষ্যে নিম্নলিখিত দিকনির্দেশনা অনুসরণ করা যেতে পারে ঃ

ক) লক্ষ্য ও উদ্দেশ্য ঃ

- সরকারি সম্পদের ফলপ্রসূ ব্যবহার নিশ্চিত করা;
- মন্ত্রণালয়/বিভাগের রাজস্ব ও উন্নয়ন বাজেটের আওতায় গৃহীত কর্মসূচি/প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন করা;
- মন্ত্রণালয়/বিভাগের রাজস্ব বাজেটের আওতায় অন্যান্য ব্যয়ের যথার্থতা যাচাই করা;
- মন্ত্রণালয়/বিভাগসমূহের রাজস্ব আদায় কার্যক্রম পর্যালোচনা করা;

(অপর পাতা দ্রষ্টব্য)

- স্বতন্ত্র ও স্বাধীন পরিবীক্ষন ও মূল্যায়ন কার্যক্রম পরিচালনার মাধ্যমে একটি বিশ্বস্ত ও নির্ভরযোগ্য রিপোর্টিং ব্যবস্থার প্রবর্তন করা;
  এবং
- নিরীক্ষা/সমীক্ষা প্রতিবেদনে উল্লিখিত সুপারিশের ভিত্তিতে প্রয়োজনীয় সংশোধনমূলক পদক্ষেপ গ্রহণ করে মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচি/প্রকল্পসমূহের সফল বাস্তবায়ন নিশ্চিত করা।

খ) নিরীক্ষা/সমীক্ষা প্রতিষ্ঠান নিয়োগ পদ্ধতি ঃ

- Public Procurement Regulation 2003 অনুযায়ী নিরীক্ষা/সমীক্ষা প্রতিষ্ঠান নির্বাচন ও নিয়োগ করতে হবে। এক্ষেত্রে মন্ত্রণালয়ের কার্যপরিধি, প্রকল্প/কর্মসূচি বিষয়ে নিরীক্ষা/সমীক্ষা প্রতিষ্ঠানের পেশাগত দক্ষতাকে প্রাধান্য দিতে হবে। প্রয়োজনবোধে একাধিক প্রতিষ্ঠানকে স্ব-স্ব বিশেষায়িত ক্ষেত্রে দক্ষতা বিবেচনায় নিয়োগ করা যাবে।

গ) নিরীক্ষা/সমীক্ষা প্রতিষ্ঠানের কর্মপরিধি ঃ

- কর্মসূচি/প্রকল্পসমূহের আর্থিক অগ্রগতি (Financial Progress) ও বাস্তব অগ্রগতি (Physical Progress) পর্যালোচনা;
- কর্মসূচি/প্রকল্পসমূহের অভীষ্ট লক্ষ্য (Objectives) অর্জনে সফলতা/ব্যর্থতা সম্পর্কে আলোকপাত;
- কর্মসূচি/প্রকল্পসমূহের কর্মকৃতি মূল্যায়ন (Performance Evaluation);
- রাজস্ব বাজেটের আওতায় কর্মসূচি বহির্ভূত অন্যান্য ব্যয়ের যথার্থতা যাচাই;
- রাজস্ব আদায় কার্যক্রম, আদায়ের হার ও আওতা বৃদ্ধির ক্ষেত্র নির্ধারণ বিষয়ে মন্তব্য;
- মন্ত্রণালয়/বিভাগ ও অধীনস্ত দপ্তর/সংস্থাসমূহের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বলতা চিহ্নিত করা ও প্রতিকার বিষয়ে মতামত প্রদান;
  এবং
- প্রযোজ্য সরকারী আর্থিক বিধি-বিধানসমূহ প্রতিপালন বিষয়ে পর্যালোচনা।

ঘ) নিরীক্ষা/সমীক্ষা প্রতিবেদন দাখিল ও প্রতিবেদনের উপর কার্যক্রম গ্রহণ ঃ

- নিরীক্ষা/সমীক্ষা প্রতিষ্ঠান প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশ অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক প্রতিবেদন প্রণয়ন করে সচিবের নিকট দাখিল করবে;
- অর্থ বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়ের পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ এবং সংশ্লিষ্ট সেক্টর/বিভাগে নিরীক্ষা/সমীক্ষা প্রতিবেদনের কপি প্রেরণ করতে হবে;
- মন্ত্রণালয়ের 'বাজেট ব্যবস্থাপনা কমিটি' (BMC) নিরীক্ষা/সমীক্ষা প্রতিবেদনসমূহ পর্যালোচনা ও সুপারিশ বাস্তবায়ন করবে;
- মন্ত্রণালয়ের 'বাজেট ব্যবস্থাপনা কমিটি' প্রতিবেদনে চিহ্নিত সমস্যা ও সুপারিশসমূহ পর্যালোচনা করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে;
- বাজেট ব্যবস্থাপনা কমিটির সুপারিশ বাস্তবায়নে সচিব প্রয়োজনীয় সরকারি আদেশ জারির ব্যবস্থা গ্রহণ করবেন;
  এবং
- নিরীক্ষা/সমীক্ষা প্রতিবেদনের উপর বাজেট ব্যবস্থাপনা কমিটির সুপারিশ ও এর আলোকে গৃহীত কার্যক্রমসমূহ অর্থ বিভাগ ও পরিকল্পনা বিভাগকে অবহিত রাখতে হবে।

(অপর পাতা দ্রষ্টব্য)

ঙ) অর্থ বিভাগ কর্তৃক করণীয় ঃ

- প্রাপ্ত নিরীক্ষা/সমীক্ষা প্রতিবেদনসমূহ, প্রতিবেদনের উপর মন্ত্রণালয়সমূহের বাজেট ব্যবস্থাপনা কমিটির পর্যালোচনা, সুপারিশ ও গৃহীত কার্যক্রমসমূহ অর্থ বিভাগের পরিদর্শন অধিশাখাসমূহের তত্ত্বাবধানে পরীক্ষা-নিরীক্ষা করে প্রতিবেদন প্রণয়ন করবে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে সরেজমিনে পরিদর্শনের কার্যক্রম গ্রহণ করতে পারবে;
- পরিদর্শন অধিশাখাসমূহ এ সংক্রান্ত বিষয়ে মন্ত্রণালয়/বিভাগভিত্তিক নথি সংরক্ষণ করবে;
- অর্থ বিভাগের সংশ্লিষ্ট বাজেট অনুবিভাগ কর্তৃক মন্ত্রণালয়/বিভাগসমূহের বাজেট বরাদ্দ প্রক্রিয়ার অংশ হিসেবে আবশ্যিকভাবে পরিদর্শন অধিশাখাসমূহের তত্ত্বাবধানে প্রস্তুতকৃত প্রতিবেদনে বর্ণিত সুপারিশসমূহ বিবেচনায় নিবে;
- পরিদর্শন অধিশাখাসমূহ এ সংক্রান্ত কার্যক্রম সূচারুরূপে সম্পন্ন করার স্বার্থে প্রয়োজনবোধে মন্ত্রণালয়/বিভাগসমূহের ক্ষেত্রে প্রযোজ্য পদ্ধতি অনুসরণে নিরীক্ষা/সমীক্ষা প্রতিষ্ঠান নিয়োগের উদ্যোগ নিবে;

  এবং

- পরিদর্শন অধিশাখাসমূহ প্রয়োজনবোধে সরাসরি নিজস্ব ব্যবস্থাপনায় অথবা নিরীক্ষা/সমীক্ষা প্রতিষ্ঠান নিয়োগের মাধ্যমে যে কোন কর্মসূচি বা প্রকল্পের নিরীক্ষা/সমীক্ষা কার্যক্রম পরিচালনা করতে পারবে।

চ) পরিকল্পনা কমিশন কর্তৃক করণীয় ঃ

- পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ এবং সংশ্লিষ্ট সেক্টর/বিভাগ নিরীক্ষা/সমীক্ষা প্রতিবেদন পর্যালোচনা করবে এবং প্রযোজ্য সুপারিশ/ মতামত সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগে প্রেরণ করবে;
- প্রতিবেদন পর্যালোচনার ক্ষেত্রে সংশ্লিষ্ট সেক্টর/ বিভাগ মন্ত্রণালয়/ বিভাগ ভিত্তিক নথি সংরক্ষণ করবে এবং আরএডিপি/এডিপি-তে প্রকল্প অন্তর্ভূক্তি বা সম্পদ বন্টনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মসূচি বিবেচনায় নিবে।
- প্রতিবেদনাধীন কর্মসূচিটি চলমান বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভূক্ত অন্য কোন উন্নয়ন প্রকল্পের সাথে সাংঘর্ষিক বা একই/অভিন্ন লক্ষ্য অর্জনের জন্য এডিপি'র বিদ্যমান/ প্রস্তাবিত কোন উন্নয়ন প্রকল্পের সমার্থক হলে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগের নিকট ব্যাখ্যা চাইতে পারবে;
- উন্নয়ন কর্মসূচি প্রক্রিয়াকরণ ও বাস্তবায়ন পর্যায়ে সরকারী বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হয়েছে কি-না তা খতিয়ে দেখতে পারবে।

০৫। ০৪ নম্বর অনুচ্ছেদে বর্ণিত দিকনির্দেশনার আলোকে যথাযথ কার্যক্রম গ্রহণ করার জন্য মন্ত্রণালয়/ বিভাগসমূহকে অনুরোধ করা যাচ্ছে।

(আরাস্তু খান)
যুগ্ম-সচিব
বাজেট অনুবিভাগ-১

(অপর পাতা দ্রষ্টব্য)